

কুষ্টিয়ায় ঢাবি, জাবি, ইবি শিক্ষার্থীসহ আটক ৩০

ইসলামী
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৯ জুলাই, ২০২৪
২২:০১

শেয়ার

অ +

অ -



কুষ্টিয়ায় ঢাবি, জাবি, ইবি শিক্ষার্থীসহ আটক ৩০। ছবি : কালের কণ্ঠ

কোটা সংস্কার আন্দোলনকারী সন্দেহে কুষ্টিয়ায় ৩০ শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। এর মধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৮ জন, ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একজন করে শিক্ষার্থী রয়েছেন।

সোমবার (২৮ জুলাই) কুষ্টিয়া শহরের বিভিন্ন জায়গা থেকে এসব শিক্ষার্থীকে আটক করে পুলিশ। পরে তাদের জিজ্ঞাসাবাদের জন্য কুষ্টিয়া সদর মডেল থানায় নিয়ে যাওয়া হয়।

বিকেল ৫টার দিকে সংশ্লিষ্ট থানা পুলিশ সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

এদিকে সোমবার কুষ্টিয়া জেলা শহরের চৌড়হাস মোড়ে কুষ্টিয়া জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত বিক্ষোভ কর্মসূচি ছিল। তবে পুলিশি বাধায় শিক্ষার্থীরা কর্মসূচি স্থগিত করেন। বিক্ষোভ কর্মসূচি ঘিরে সকাল থেকেই শহরের বিভিন্ন পয়েন্টে অতিরিক্ত পুলিশ ও বিজিবি মোতায়েন করা হয়।

কুষ্টিয়া জেলার পুলিশ সুপার আলমগীর হোসেন বলেন, ‘নাশকতার আশঙ্কা থেকে ৩০ জনকে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। যাচাই-বাছাই করে পরবর্তীতে বিবেচনা করব।’

আটক শিক্ষার্থীদের কয়েকজন জানান, তারা চা দোকানে বসে চা খাচ্ছিলেন, এ সময় পুলিশ তাদের আটক করে।

আরেক শিক্ষার্থী জানান, তিনি দূরপাল্লার একটি বাসের জন্য স্টপেজে অপেক্ষা করছিলেন।

তখন তাকে আটক করা হয়।